

বাংলাদেশ পাটকল করপোরেশন



BANGLADESH JUTE MILLS CORPORATION


Ref২৪.০৪.০০০০.২০৪.৫০.৪০১.১৩- ৫৭৬

Date ১৩/০৬/২০১৬

দপ্তরাদেশ

ইদানিং প্রায়শই লক্ষ্য করা যাচ্ছে যে, এ করপোরেশনের নিয়ন্ত্রণাধীন মিলসমূহ হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়াই সরাসরি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয় অথবা সংস্থার চেয়ারম্যান বরাবর সরাসরি ব্যক্তিগত আবেদন প্রেরণ করা হচ্ছে যা, বিজেএমসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৪ ধারার (৩) ও (৫) উপধারা লংঘনের সামিল। ইতোপূর্বেও এরূপ কার্যক্রম হতে বিরত থাকার জন্য দপ্তরাদেশ জারি করা হয়েছিল, তথাপি এধরনের কার্যক্রমের পুনরাবৃত্তি লক্ষ্য করা যাচ্ছে।

এমতাবস্থায়, ভবিষ্যতে কোন কর্মচারী কর্তৃপক্ষ এর নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন সরাসরি পেশ না করে, তা কর্মকর্তা/কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় এ ধরনের দাপ্তরিক শৃঙ্খলা বহির্ভূত কার্যক্রম পুনরায় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মচারী/কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মুহাম্মদ সালেহ উদ্দীন)
সচিব

বিতরণ :

- ১। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
- ২। লিয়াজো কর্মকর্তা, খুলনা/চট্টগ্রাম অঞ্চল।

৩। প্রকল্প প্রধান, মিলস্ লিঃ (সকল),
.....।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
- ২। পরিচলক মহোদয়গণের উপ-ব্যবস্থাপক/সহঃব্যবস্থাপক/সহঃসমন্বয় কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
- ৩। অফিস কপি/মাস্টার ফাইল।